অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক সিটিতে জলবায়ু সপ্তাহ চলাকালে, গভর্নর হোকল জলবায়ু পরিবর্তনের প্রভাব সমাধান করতে নিউ ইয়র্কের ফার্মসমূহের জন্য রেকর্ড পরিমাণ তহবিল প্রদানের ঘোষণা করলেন

স্টেটের জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচির মাধ্যমে প্রদত্ত 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ ফার্মগুলিতে টেকসই হওয়ার প্রয়াস এবং চরম আবহাওয়ার ইভেন্টে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে সাহায্য করবে

অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ প্রতি বছর আনুমানিক 120,000 মেট্রিক টন CO2E হ্রাস করবে, যা তহবিলের পূর্ববর্তী রাউন্ডের তুলনায় প্রায় দ্বিগুণ প্রভাব ফেলবে

অর্থপ্রাপ্ত প্রকল্পের অর্ধেকে বেশি হলো নতুন অংশগ্রহণকারী, যা কর্মসূচিটির বিকাশমান পরিসর এবং প্রভাবের উপর আলোকপাত করে

জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচি গভর্নরের দেশসেরা জলবায়ু এজেন্ডা এবং স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনকে সমর্থন করে

জলবায়ু সপ্তাহ NYC 2024 চলাকালে বিশ্বের নেতৃবৃন্দ নিউ ইয়র্কে সমবেত হয়েছেন, এই সময় গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেটের দেশসেরা জলবায়ু প্রয়াসের উপর আলোকপাত করলেন, যার মধ্যে রয়েছে জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচির (Climate Resilient Farming Grant Program) মাধ্যমে খামারসমূহকে রেকর্ড পরিমাণ, 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল প্রদান করা। অর্থায়িত প্রকল্পসমূহের উদ্দেশ্য হলো গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে, পানি সুরক্ষিত রাখতে, মাটির স্বাস্থ্য নিশ্চিত করতে, এবং একটি পরিবর্তনশীল জলবায়ুর প্রভাবের ক্ষেত্রে খামারের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে নিউ ইয়র্কের কৃষকদের সাহায্য করা। সর্বোতভাবে, প্রকল্পসমূহ প্রতিবছর 120,000 মেট্রিক টন কার্বন ডাইঅক্সাইডের সমতুল (carbon dioxide equivalent, CO2E) গ্রিনহাউজ গ্যাস হ্রাস করবে বলে অনুমান করা যাচ্ছে, যা এক বছরে রাস্তা থেকে 28,560টি গ্যাসোলিন চালিত যানবাহন অপসারণ করার সমতুল। কর্মসূচির পূর্ববর্তী রাউন্ডের তুলনায় এটি প্রায় দ্বিগুণ প্রভাব। স্টেটের আগ্রাসী জলবায়ু এজেন্ডার অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে কর্মসূচির জন্য তহবিল অন্তর্ভুক্ত

ছিলো এবং এটি মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (United States Department of Agriculture, USDA) জলবায়ু স্মার্ট পণ্য (Climate Smart Commodities) অনুদানের মাধ্যমে প্রাপ্ত অতিরিক্ত ফেডারেল তহবিল দ্বারা সমর্থিত হয়।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেট দেশের নেতৃত্ব দিচ্ছে, এবং জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং কর্মসূচিতে আমাদের রেকর্ড বিনিয়োগ হলো আমাদের ইকোসিস্টেমকে সুরক্ষিত রাখতে এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য সবুজ ভবিষ্যৎ তৈরি করতে আমার প্রশাসনের উচ্চাকাঙ্ক্ষী প্রয়াসের একটি অংশমাত্র," **গভর্নর হোকল বলেন।** "এই কর্মসূচিটি কৃষকদের সেই সংস্থান প্রদান করে যা পরিবেশের উপর নিজেদের প্রভাব প্রশমন করতে, ভবিষ্যতের যেকোনো আবহাওয়া ইভেন্টের জন্য প্রস্তুত থাকা ও সাড়াদান করতে, এবং আমাদের স্থানীয় অর্থনীতিতে অবদান রাখার জন্য তাদের অতি গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখতে তাদের প্রয়োজন।"

কাউন্টি মাটি ও পানি সংরক্ষণ জেলার (Soil and Water Conservation Districts, SWCD) নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেটজুড়ে 184টি খামারে মোট 70টি প্রকল্প বাস্তবায়ন করা হবে। এগুলি 16.14 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল এবং অতিরিক্ত 17 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল দ্বারা সমর্থিত হবে। অর্থপ্রাপ্ত 70টি প্রকল্পের মধ্যে 39টিতে একটি নতুন খামারের প্রাপক জড়িত, যা কর্মসূচির পরিসর ও প্রভাবের বিকাশকে চিত্রিত করে।

ছয়টি ট্র্যাকের কোনো একটিতে কৃষকদের পক্ষে SWCDসমূহকে অনুদান প্রদান করা হয়েছে।

- ট্র্যাক 1A: প্রাণিসম্পদের ব্যবস্থাপনা: বিকল্প বর্জ্য ব্যবস্থাপনা এবং নির্ভুল ফিড ব্যবস্থাপনা (নিউ ইয়র্ক স্টেট তহবিল)
- ট্র্যাক 1B: সারের সঞ্চয়স্থানের কভার এবং মিথেন ক্যাপচারের প্রকল্পগুলি (ফেডারেল তহবিল)
- ট্র্যাক 2: অভিযোজন এবং স্থিতিস্থাপকতা (নিউ ইয়র্ক স্টেট তহবিল)
- ট্র্যাক 3A: স্বাস্থ্যকর মাটি নিউ ইয়র্ক ব্যবস্থা এবং সেরা ব্যবস্থাপনা অনুশীলন যা মাটির স্বাস্থ্য এবং এগ্রোফরেস্ট্রিকে সমর্থন করে (নিউ ইয়র্ক স্টেট তহবিল)
- ট্র্যাক 3B: মৃত্তিকার স্বাস্থ্য সংক্রান্ত ব্যবস্থা (ফেডারেল তহবিল)
- ট্র্যাক 4: কৃষি বনভূমি ব্যবস্থাপনা (কার্বন সিকুয়েস্ট্রেশনের জন্য) (নিউ ইয়র্ক স্টেট তহবিল)

জলবায়ু স্থিতিস্থাপকতা ফার্মিং অনুদান কর্মসূচি স্টেটের কৃষি পরিবেশ ব্যবস্থাপনা (Agricultural Environmental Management) পরিকল্পনা ফ্রেমওয়ার্ককে অনুসরণ করে এবং কাউন্টির SWCDসমূহ এর নেতৃত্বদান ও বাস্তবায়ন করে। কাউন্টির SWCD-গুলি প্রাকৃতিক সংস্থান সংরক্ষণ এবং পরিবেশগত চ্যালেঞ্জ এবং সুযোগের চাপের মোকাবেলার জন্য খামার এবং সম্প্রদায়গুলির সাথে কাজ করে। কর্মসূচির রাউন্ড 8 এর মাধ্যমে নিম্নলিখিত অঞ্চলের SWCDকে অনুদান প্রদান করা হয়েছে:

- **Capital Region:**11টি খামারের সাথে কাজ করতে 3,152,885 মার্কিন ডলার
- **Central New York:** 36টি খামারের সাথে কাজ করতে 8,241,829 মার্কিন ডলার

- **Finger Lakes:** 67টি খামারের সাথে কাজ করতে 12,948,325 মার্কিন ডলার
- **Long Island:** চারটি খামারের সাথে কাজ করতে 118,763 মার্কিন ডলার
- **Mid-Hudson:** পাঁচটি খামারের সাথে কাজ করতে 166,400 মার্কিন ডলার
- **Mohawk Valley:** পাঁচটি খামারের সাথে কাজ করতে 608,797 মার্কিন ডলার
- **North Country:** 20টি খামারের সাথে কাজ করতে 3,439,282 মার্কিন ডলার
- **Southern Tier:** 19টি খামারের সাথে কাজ করতে 2,827,378 মার্কিন ডলার
- **Western New York:** 12টি খামারের সাথে কাজ করতে 1,655,677 মার্কিন ডলার

সর্বমোট, অর্থপ্রাপ্ত খামারসমূহ 98,000 একরের ঢাকনা ফসল, 23 একরের রিপারিয়ান বাফার, এবং নয়টি সার সংরক্ষণ কভার ও ফ্লেয়ার ব্যবস্থার বাস্তবায়ন করবে বলে অনুমান করা হচ্ছে, এটি একটি একক রাউন্ডের জন্য সর্বোচ্চ, যা এখন পর্যন্ত কর্মসূচির একটি একক অনুশীলনের জন্য সবথেকে বেশি গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে বলে অনুমান করা যাচ্ছে। অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকা ও বর্ণনা দেখার জন্য অনুগ্রহ করে কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) ওয়েবসাইট ভিজিট করুন।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "কৃষকেরা নিউ ইয়র্কের কাজের ক্ষেত্রসমূহের স্বাস্থ্য ও প্রাণশক্তির ব্যাপারে গভীরভাবে যত্নশীল। পুরো স্টেটের কাউন্টির মাটি ও পানি সংরক্ষণ জেলাসমূহের সাথে অংশীদারিত্বে কাজ করে আমাদের কৃষকেরা এমন উপায়ে খাদ্য উৎপন্ন করতে প্রতিশ্রুতিবদ্ধ যা তাদের পরিবেশের পদচিহ্ন হ্রাস উড়বে এবং একই সময়ে আমাদের প্রাকৃতিক সংস্থানকে সুরক্ষিত রাখবে। রেকর্ড নির্ধারণ করা মাত্রার এই তহবিল দিয়ে আমরা পুরো স্টেটের আরো বেশি খামার পর্যন্ত আমাদের পরিসর সম্প্রসারিত করছি, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে এবং সকলের জন্য একটি স্বাস্থ্যকর, সমৃদ্ধ পরিবেশ নিশ্চিত করার ব্যাপারে দেশের নেতৃত্ব দিতে নিউ ইয়র্ক স্টেটকে সাহায্য করছি।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "আজকে ঘোষিত 33 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের কারণে নিউ ইয়র্কের কৃষকেরা জলবায়ু পরিবর্তনের ফলে হওয়া চরম আবহাওয়া ইভেন্টের প্রভাবের জন্য আরো ভালোভাবে প্রস্তুত হতে পারবে এবং পরিবেশের উপর কর্মকাণ্ডের প্রভাব হ্রাস করতে পারবে, যেমন এমন সরঞ্জাম নির্বাচন করা যা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করে এবং চরম আবহাওয়ার পর মাটির স্বাস্থ্য এবং পানির মানকে আরো ভালোভাবে সমর্থন করবে এমন প্রকল্পের বাস্তবায়ন করা। নিউ ইয়র্কের খামারকে সমর্থন করার জন্য এবং পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইনের (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act) মাধ্যমে বিনিয়োগের মতো রেকর্ড বিনিয়োগ ও সম্পূরক উদ্যোগ দিয়ে আমাদের কৃষি ইকোসিস্টেম ও সম্প্রদায়ের স্বাস্থ্য ও স্থিতিস্থাপকতা উন্নত করতে টেকসই অনুশীলন অগ্রসর করতে নিউ ইয়র্ককে সমর্থন করার জন্য গভর্নর হোকল এবং কৃষি ও বাজার বিভাগের আমাদের অংশীদারদের DEC প্রশংসা করছে।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "কৃষকেরা হলো পরিবেশের প্রাকৃতিক রক্ষক। টেকসই অবস্থার জন্য বিনিয়োগকে আমরা স্বাগত

জানাই, বিশেষ কোরকে সেই বিনিয়োগ যা কৃষকদেরকে নিজেদের জীবিকার কাজে ব্যবহৃত ভূমি সুরক্ষিত রাখতে সাহায্য করে। জলবায়ু স্থিতিস্থাপক তহবিল কর্মসূচিটি কৃষকদের জন্য গ্রিনহাউজ গ্যাস হ্রাস করা এবং চরম আবহাওয়ার পরিস্থিতির জন্য সক্রিয় ব্যবস্থার পরিকল্পনা করার একটি পথ তৈরি করে দেয়।"

অ্যাসেম্বলিওম্যান ডোনা লুপার্ডো বলেন, "প্রায় এক দশক ধরে জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং কর্মসূচিটি প্রমাণিত কৌশল ও অনুশীলনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাবকে সমাধান করতে কৃষকদেরকে সাহায্য করেছে। তহবিলের এই রেকর্ড মাত্রার রাউন্ডটি যে পুরো স্টেটে বহু নতুন অংশগ্রহণকারীদের কাছে পৌঁছে যাচ্ছে তার জন্য আমি আনন্দিত। এই কর্মসূচির প্রতি গভর্নর, আমাদের ফেডারেল অংশীদারগণ, এবং আমার সহকর্মীদের অব্যাহত সমর্থনের জন্য তাদেরকে, এবং মাটি ও পানি সংরক্ষণ জেলাসমূহের নিবেদিত সেবার জন্য তাদেরকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "সারা দেশে মিঠাপানির উৎস আরো বিরল হয়ে উঠছে, তাই নিউ ইয়র্ক এবং পুরো মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য টেকসই ফার্মিং আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। খামারের প্রতি চলমান সমর্থনের জন্য এবং জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচির মাধ্যমে জলবায়ুর পরিবর্তনের সমাধান করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। এই কর্মসূচিটি কাউন্টির মাটি ও পানি সংরক্ষণ জেলার নেতৃত্বের প্রকল্পসমূহের মাধ্যমে টেকসই হওয়ার প্রয়াসকে বৃদ্ধি করে এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করে এবং একই সাথে পানি ও মাটির স্বাস্থ্যকে সুরক্ষিত রাখে," বলেন অ্যাসেম্বলির সদস্য ডেবোরাহ গ্লিক, এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটির (Environmental Conservation Committee) প্রধান, "এই বছরের প্রকল্পসমূহ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসকে প্রায় দ্বিগুণ করবে এবং একই সাথে দূষকের দূষণ এবং ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন (harmful algal blooms, HABs) নির্মূল করবে, খাওয়ার পানিকে সুরক্ষিত রাখবে, এবং আমাদের কৃষক ও নিউ ইয়র্কের খামারসমূহকে সমর্থন করবে।"

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "আমাদের খামারগুলি প্রতিদিন জলবায়ু সঙ্কটের পরিণতির সম্মুখীন হচ্ছে। জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচিটি মাটির স্বাস্থ্য গঠন করতে, আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখতে, এবং টেকসই একটি স্থানীয় খাদ্য সরবরাহ নিশ্চিত করতে তাদের প্রয়াসের জন্য অত্যাবশ্যকীয়। স্বাস্থ্যকর মাটি নিউ ইয়র্ক (Healthy Soil NY) কর্মসূচির ব্যাপারে আমি বিশেষভাবে গর্বিত, যা একটি সামগ্রিক, বৈজ্ঞানিক যথাযথ মাটি সুরক্ষার কৌশলের প্রচার করে। এটি তখনো সত্যি ছিলো, এখনো সত্যি। অব্যাহত সমর্থন দিয়ে আমরা নিউ ইয়র্কের কৃষকদের স্থিতিস্থাপক, জলবায়ুবান্ধব কৃষির পথে নেতৃত্ব দেওয়ার ক্ষমতা প্রদান করতে পারি।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "আমরা যখন বলি যে কৃষকেরা জলবায়ু সঙ্কটের সম্মুখসারিতে রয়েছে, তার অর্থ হলো আমাদের খাদ্য উৎপন্ন করার ব্যাপারে তাদের সক্ষমতা প্রত্যক্ষভাবে তাদের চারপাশের পরিবেশের সাথে সম্পর্কিত, অর্থাৎ মাটি কতটা স্বাস্থ্যকর, আবহাওয়ার পরিস্থিতি, এবং একটি পরিবর্তনশীল জলবায়ুর প্রভাব। তাদের কাজ এবং আমাদের খাদ্যের সরবরাহ একটি স্থিতিশীল এবং সমৃদ্ধ ইকোসিস্টেমের উপর নির্ভর করে, এবং একই স্টেট হিসেবে আমাদেরকে এই প্রক্রিয়ায় মুখ্য ভূমিকা রাখতে হবে। জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচিটি হলো সেই মুখ্য উদ্যোগসমূহের একটি যেখানে স্টেট আমাদের

খামারসমূহকে প্রত্যক্ষ সমর্থন প্রদান, প্রমাণিত টেকসই দশার ব্যবস্থার মাত্রা বৃদ্ধিতে সাহায্য, এবং ভবিষ্যতের জন্য আমাদের খাদ্য সরবরাহকে সুরক্ষিত রাখার সেরা অবস্থানে নিউ ইয়র্ককে স্থাপন করতে পারবে। এই অত্যাবশ্যকীয় কর্মসূচির পক্ষের কাজকে সাহায্য করতে পেরে আমি গর্বিত এবং কলাম্বিয়া ও আলস্টার কাউন্টিসহ পুরো নিউ ইয়র্ক স্টেটের খামারকে সমর্থন করা অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহকে অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের মাটি ও পানি সংরক্ষণ কমিটির (New York State Soil and Water Conservation Committee) প্রধান ডেল স্টেইন বলেন, "স্টেট এবং কাউন্টির মাটি ও পানি সংরক্ষণ জেলাসমূহের মধ্যকার অংশীদারিত্বের কারণে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন করতে এবং আমরা সকলেই যেই বর্ধিত সংখ্যক চরম আবহাওয়া ইভেন্টের সম্মুখীন হচ্ছি তার জন্য আরো ভালোভাবে প্রস্তুত হতে আমাদের কৃষকদের সাহায্য করতে আমাদের খামারে সেরা ব্যবস্থাপনা অনুশীলনের ব্যবহারে আমরা দারুণ অগ্রগতি দেখতে পারছি। এখন ফেডারেল তহবিলের সাহায্যে আমাদের জেলাসমূহ তাদের পরিসর আরো বেশি সম্প্রসারিত করতে পারবে এবং আরো বেশি খামারকে এই কর্মসূচিতে স্বাগত জানাতে পারবে।"
2015 সালে চালু করা, ক্লাইমেট রেজিলিয়েন্ট ফার্মিং কর্মসূচী রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায়ের জন্য সুরক্ষার আইনের অধীনে গ্রিনহাউস গ্যাসের নির্গমন কমাতে এবং কর্মরত জমিগুলিতে কার্বনের সিকোয়েস্ট্রেশন বাড়ানোর লক্ষ্য পূরণে রাজ্যের কৃষি খাতকে সমর্থন করে। এখন পর্যন্ত কাউন্টি SWCD প্রদত্ত অভিজ্ঞ কারিগরি সমর্থন নিয়ে কর্মসূচিটির মাধ্যমে 580টি খামার এমন পরিবর্তন বাস্তবায়ন করতে পেরেছে যা পরিবেশে পদচিহ্ন হ্রাস করতে এবং একটি পরিবর্তনশীল জলবায়ুর প্রভাবের প্রতি স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে অবদান রাখছে। কর্মসূচিটির রাউন্ড 8 এইসব প্রকল্পের জন্য 16.14 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করে, যা রাউন্ড 7 এর 16 মিলিয়ন মার্কিন ডলারের সাথে সংগতিপূর্ণ এবং রাউন্ড 6 এর 8 মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ বেশি।

মাটি ও পানি সংরক্ষণ জেলাসমূহের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি
গভর্নরের নেতৃত্বাধীনে, অর্থবছর 2025 এর বাজেট জলবায়ু স্থিতিস্থাপক ফার্মিং অনুদান কর্মসূচির মতো কৃষি কর্মসূচি ও উদ্যোগ, যা খামারসমূহকে পরিবেশগতভাবে টেকসই অনুশীলন বাস্তবায়ন করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে সাহায্য করছে, তার জন্য এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund) মাধ্যমে 81.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যা গত বছরের তুলনায় 4 মিলিয়ন মার্কিন ডলার বেশি। এর মধ্যে রয়েছে মাটি ও পানি সংরক্ষণ জেলার তত্ত্বাবধান করা ক্যাপিটাল বিনিয়োগ, যেমন কার্বন সিকুয়েস্টের করে এবং পানির মানকে লাভবান করতে এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে মাঠ ও মাটিতে প্রয়োগ করা সারের পুষ্টিকে সংরক্ষণ করে এমন সার ব্যবস্থাপনা ব্যবস্থা বাস্তবায়ন করতে দুগ্ধজাত পণ্যের কৃষকদের সমর্থন করা। এছাড়াও এটি রয়েছে ইস্টার্ন ফিঙ্গার লেকস ওয়াটারশেডের (Eastern Finger Lakes Watershed) জন্য সাম্প্রতিক তহবিল যা দূষকের দূষণ এবং ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন নির্মূল করা, পানির প্রবাহ প্রতিরোধ করা, খাওয়ার পানি সুরক্ষিত রাখা, এবং স্থানীয় কৃষকদের সমর্থন করার জন্য প্রয়োজনীয় মাঠপর্যায়ের পদক্ষেপ গ্রহণ করার পরিকল্পনা ও কর্মসূচির বাস্তবায়নের কাজকে উদ্দীপিত করে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 150টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায়, প্রায় 500টি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায়, এবং বায়ু দূষণ হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে পুরো স্টেটের 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে এই অংশীদারিত্বগুলি নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন